দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪



—ইত্তেফাক

হোমনা (কুমিল্লা) : বিদ্যালয়ের একমাত্র ভবনটি পরিত্যক্ত ঘোষণার পর খোলা আকাশের নীচে চলছে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদান

# হোমনায় স্কুল মাঠে চলছে শিক্ষার্থীদের পাঠদান

■ মো.কামাল হোসেন, হোমনা (কুমিল্লা) সংবাদদাতা

স্কুল মাঠে চলছে হোমনা আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি
শিক্ষার্থীদের পাঠদান । স্কুলের একমাত্র জরাজীর্ণ ভবনটি পরিত্যক্ত ঘোষণার পর
গত তিন মাস যাবৎ এ অবস্থায় চলছে ক্লাস। এতে স্কুলের পড়াশোনা বিঘ্নসহ
অবর্ণনীয় দুর্ভোগ পোহাতে হচ্ছে ৫ জন শিক্ষকসহ দুই শতাধিক শিক্ষার্থীকে।

স্কুলের ৩য় শ্রেণির শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌসি মিম জানায়, 'বৃষ্টি হলেই
স্কুল ছুটি হয়ে যায়। এ সময় বই খাতা নিয়ে দৌড়ে বাড়ি যাবার চেষ্টা করি। কিন্তু
পথেই আমাদের বই খাতা ও কাপড় চোপড় ভিজে যায়।'

প্রধান শিক্ষক হালিমা বেগম জানান, গত বছর পিইসি পরীক্ষায় স্কুলটি
থেকে শতভাগ শিক্ষার্থী পাস করে। এ বছর আরো ভালো ফলাফল করার
প্রত্যাশা আছে । এ অবস্থায় স্কুলের একমাত্র ভবনটি জরাজীর্ণ হওয়ায় গত চার
মাস আগে কর্তৃপক্ষ এসে সেটিকে পরিত্যক্ত ঘোষণা করেন। এরপর একমাস
বিআরডিবির একটি ভবনে শিক্ষা কার্যক্রম চালানো হয়। পরে বিআরডিবি
কর্তৃপক্ষের প্রয়োজনে ওই ভবন ছেড়ে দিতে হয়। তারপর থেকে খোলা আকাশের
নিচেই চলছে স্কুলের সকল কার্যক্রম।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আল আমিন জানান,
স্কুলের ভবন বরাদ্দের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে।
ভবন তৈরির আগ পর্যন্ত যাতে শিক্ষা কার্যক্রম চালানো যায় এ জন্য অস্থায়ীভাবে
একটি ঘর নির্মাণের প্রক্রিয়া চলছে।